গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) শাখা
www.mor.gov.bd

বিষয়: বাংলাদেশ এবং ভারতের মধ্যে পরিচালিত যাত্রীবাহী এবং মালবাহী ট্রেনের সুষ্ঠু পরিবহন, উভয় রেলওয়ের মধ্যে অপারেশন কার্যক্রম, দেনা-পাওনা এবং সদ্য পুনরায় চালু হওয়া চিলাহাটি-হলদিবাড়ী সেকশনে নিয়মিত ট্রেন চলাচল বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ সেলিম রেজা<br>সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ০৩/০৩/২০২১ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৯৩০) |

সভার উপস্থিতি: সভায় রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও যুগ্মসচিবগণ এবং বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, মহাব্যবস্থাপক সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন; যা পরিশিষ্ট 'ক'-তে উপস্থাপন করা হলো।

২। প্রারম্ভিক আলোচনা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভার শুরুতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পরিচিতি পর্ব সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। সভাপতি তাঁর বক্তব্যে উল্লেখ করেন, আগামী ২৬ মার্চ ২০২১ তারিখে বাংলাদেশের চিলাহাটি ও ভারতের হলদিবাড়ী পুন:চালুকৃত লিংক ব্যবহার করে ঢাকা-নিউ জলপাইগুড়ি রুটে যাত্রীবাহী ট্রেন পরিচালনার শুভ উদ্বোধন করার সম্ভাবনা রয়েছে । তিনি বলেন চিলাহাটি-হলদিবাড়ী রুটের রেল লিংকটি গত ১৭.১২.২০২০ তারিখে উভয় দেশের মাননীয় প্রধানমন্ত্রীদ্বয় যৌথভাবে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে শুভ উদ্বোধন করেন। বর্তমানে রেল লিংকটি মালবাহী ট্রেন চলাচলের জন্য প্রস্তুত রয়েছে। তিনি আরো উল্লেখ করেন বাংলাদেশ এবং ভারতের মধ্যে পরিচালিত যাত্রীবাহী এবং মালবাহী ট্রেনের সুষ্ঠু পরিবহন, উভয় রেলওয়ের মধ্যে অপারেশন কার্যক্রম এবং সদ্য পুনরায় চালু হওয়া চিলাহাটি-হলদিবাড়ী সেকশনে নিয়মিত ট্রেন চলাচল বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তরের কর্মকর্তাগণের উপস্থিতিতে আন্ত:দেশীয় সভার পূর্বে বর্ণিত বিষয়াদি নিয়ে অদ্য আন্ত:মন্ত্রণালয় এ সভার আহবান করা হয়েছে। তিনি আরো বলেন যে, এ সভার আগে উভয় দেশের বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ডিআরএম) পর্যায়ে একাধিক সভা হয়েছে এবং গত ২২.০২.২০২১ হতে ২৪.০২.২০২১ তারিখে ভারতের কাটিহারে অনুষ্ঠিত বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক পর্যায়ের সমন্বয় সভায় চিলাহাটি-হলদিবড়ি বর্ডারের মাধ্যমে বাংলাদেশের ঢাকা ক্যান্টনমেন্ট ষ্টেশন হতে ভারতের নিউ জলপাইগুড়ি ষ্টেশনের মধ্যে নতুন একটি যাত্রীবাহী ট্রেন পরিচালনার বিষয়ে ঐকমত্য হয় ও দুই দেশেই উক্ত রুটে যাত্রীবাহী ট্রেন পরিচালনার জন্য প্রস্তুতি সম্পন্ন করেছে। ভাতৃপ্রতীম দুই দেশের পর্যটকদের স্বল্প খরচে দ্রুত ও নিরাপদে যতায়াতের লক্ষ্যে যাত্রীবাহী ট্রেন পরিচালনা করলে উভয় দেশের বিশাল জনগোষ্ঠীর মধ্যে বন্ধন সুদৃঢ় হবে এবং ব্যবসা বাণিজ্যের ব্যাপক প্রসার ঘটবে; ফলে উভয় দেশ অর্থনৈতিকভাবে লাভবান হবে মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। অত:পর তিনি অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে-কে বিস্তারিত আলোচনার জন্য আহবান আহবান জানান।

২.১: অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, বাংলাদেশের চিলাহাটি হতে ভারতের হলদিবাড়ী পর্যন্ত যাত্রীবাহী ট্রেন পরিচালনা করতে কোন সমস্যা নেই। তবে কাস্টমস এবং ইমিগ্রেশন সংক্রান্ত জটিলতা আছে কিনা এসব বিষয়ে জানা প্রয়োজন। ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশনে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক কার্যাদি পরিচালনার নিমিত্ত তাদেরকে অফিসের জন্য স্থান বরাদ্দ করা হয়েছে। তিনি উল্লেখ করেন, প্রকল্পের আওতায় চিলাহাটি রেলওয়ে স্টেশনের ভবনটি নির্মাণাধীন থাকায় রেলওয়ে স্টেশনের কাছাকাছি বাংলাদেশ রেলওয়ের রেষ্টহাউজ ভবনে কাস্টমস এবং ইমিগ্রেশনের কর্মসম্পাদনের জন্য সাময়িকভাবে কক্ষ বরাদ্দ দেয়া হয়েছে। প্রকল্পের আওতায় চিলাহাটি রেলওয়ে স্টেশনের ভবনটির নির্মাণ সম্পন্ন হলে এই ভবনে পরবর্তীতে কাস্টমস হাউজ চালু করা সম্ভব হবে। প্রসঙ্গত তিনি বলেন, উভয় দেশের যাত্রীবাহী ট্রেনের ভাড়া এবং সময়সূচির বিষয়ে বাংলাদেশ এবং ভারতের মধ্যে উভয় দেশের কর্মকর্তাদের সমন্বয়ে zoom conference এর মাধ্যমে ০৪/০৩/২০২১ তারিখে একটি অনলাইন সভা অনুষ্ঠিত হবে এবং উক্ত সভায় ভাড়া সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

২.২: জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, কাস্টমস বিষয়ক কার্যাদি পরিচালনার জন্য স্থায়ীভাবে চিলাহাটিতে কোন প্রকার স্থাপনা নেই এবং চিলাহাটিতে কাস্টমস এর কার্যক্রমের জন্য আলাদাভাবে জনবল নিয়োগ করা হয়নি। তিনি বলেন চিলাহাটিতে কাস্টমস এন্ড ইমিগ্রেশন কার্যক্রম পরিচালনার জন্য রাজশাহী/রংপুর কাস্টমসকে নির্দেশনা দেয়া হয়েছে এবং কাস্টমসের নিজস্ব কোন জায়গা বা স্থাপনা নেই বিধায় রেলওয়ের নিজস্ব জায়গায় কাস্টমস এর স্থাপনা তৈরী করার জন্য তিনি অভিমত ব্যক্ত করেন।

২.৩: জননিরাপত্তা বিভাগের প্রতিনিধি সভায় বলেন যে, চিলাহাটি (বাংলাদেশ) হতে হলদিবাড়ী (ভারত) পর্যন্ত বাংলাদেশ অংশে ট্রেন পরিচালনার জন্য যে সকল নিরাপত্তা সংশ্লিষ্ট সহযোগিতা দরকার তা জননিরাপত্তা বিভাগ করতে প্রস্তুত আছে। তিনি জানান, ইমিগ্রেশন বিষয়াদির দেখভাল করেন সুরক্ষা সেবা বিভাগ বিধায় এক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ হতে এ সকল কার্যক্রমে সহযোগীতা করার জন্য একজন প্রতিনিধি অন্তর্ভুক্ত করা যায়।

২.৪: মহাপরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয় সভায় বলেন, ঢাকা- নিউ জলপাইগুড়ি রুটে যাত্রীবাহী ট্রেন চলাচলের 'শুভ উদ্বোধন'-এর বিষয়টি ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর সফরের কর্মসূচিতে অন্তর্ভুক্তকরণের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিত করা হলে সে বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

৩। বিস্তারিত অলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | **আন্ত:মন্ত্রণালয় টিম কর্তৃক সরেজমিনে পরিদর্শন**<br>রেলপথ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ ও জননিরাপত্তা বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধিগণের সমন্বয়ে একটি আন্ত:মন্ত্রণালয় টিম কর্তৃক চিলাহাটি রেলওয়ে স্টেশন এবং সংলগ্ন এলাকা সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করার বিষয়ে আলোচনা হয়। | রেলপথ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধিগণের সমন্বয়ে গঠিত একটি টিম কর্তৃক চিলাহাটি রেলওয়ে স্টেশন এবং সংলগ্ন এলাকা সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ে |
| ২। | **জাতীয় রাজস্ব বোর্ড এর অধীন কাস্টমস এন্ড ইমিগ্রেশন কর্তৃপক্ষ-কে সাময়িকভাবে অফিস কক্ষ বরাদ্দকরণ**<br>বাংলাদেশ রেলওয়ের প্রকল্পের আওতায় চিলাহাটি রেলওয়ে স্টেশন বিল্ডিং নির্মাণাধীন থাকায় চিলাহাটি স্টেশনের নিকটবর্তী রেষ্ট হাউস বিল্ডিংয়ে ২টি কক্ষ কাস্টমস এন্ড ইমিগ্রেশন কর্তৃপক্ষকে সাময়িকভাবে অফিস কক্ষ হিসেবে বরাদ্দকরণের বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের চিলাহাটি স্টেশনের নিকটবর্তী রেষ্ট হাউস বিল্ডিংয়ে ২টি কক্ষ কাস্টমস এন্ড ইমিগ্রেশন কর্তৃপক্ষকে সাময়িকভাবে বরাদ্দ দিতে হবে। | বাংলাদেশ রেলওয়ে |
| ৩। | **পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ সংক্রান্ত**<br>মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন বাংলাদেশ সফরকালে ঢাকা-নিউ জলপাইগুড়ি রুটে যাত্রীবাহী ট্রেন চলাচলের 'শুভ উদ্বোধন'-এর বিষয়টি ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর সফরসূচিতে অন্তর্ভুক্তকরণ বিষয়ে রেলপথ মন্ত্রণালয় হতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন বাংলাদেশ সফরকালে ঢাকা-নিউ জলপাইগুড়ি রুটে যাত্রীবাহী ট্রেন চলাচলের 'শুভ উদ্বোধন'-এর বিষয়টি ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর সফরসূচিতে অন্তর্ভুক্তকরণ বিষয়ে অত্র মন্ত্রণালয় হতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে জরুরি ভিত্তিতে পত্র প্রেরণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয় |

৪। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/৩/২০২১

(মোঃ সেলিম রেজা)
সচিব

F:\(Operation Section-6)\2021\54.00.0000.041.06.03.21.doc

রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অদ্য ০৩/০৩/২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ এবং ভারতের মধ্যে পরিচালিত যাত্রীবাহী এবং মালবাহী ট্রেনের সুষ্ঠু পরিবহন, উভয় রেলওয়ের মধ্যে অপারেশন কার্যক্রম, দেনা-পাওনা এবং সদ্য পুনরায় চালু হওয়া চিলাহাটি-হলদিবাড়ী সেকশনে নিয়মিত ট্রেন চলাচল বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তা/উপস্থিতিগণের তালিকা:

| ক্রমিক | নাম ও পদবি | মোবাইল নম্বর ও ই-মেইল মন্ত্রণালয়/বিভাগ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | প্রনব কুমার ঘোষ<br>অতিঃ সচিব | MOR | [signature] |
| ০২। | মো: মিজানুর ইসলাম<br>অতিরিক্ত সচিব | MoR | [signature] 03.03.2021 |
| ০৩। | [illegible] আহমেদ<br>যুগ্মসচিব | MOR | [signature] 3.3.2021 |
| ০৪। | মুহাম্মদ মাহবুবুল হক<br>উপসচিব (PS to Sec) | MoR | [signature] 3.3.2021 |
| ০৫। | [illegible] | MoR | [signature] 3.3.21 |
| ০৬। | এ.কে.এম. আব্দুল্লাহ আল বাকী<br>ADG (M&CP) | BR | [signature] (০৩.০৩.২১) |
| ০৭। | | | |
| ০৮। | | | |

রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অদ্য ০৩/০৩/২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ এবং ভারতের মধ্যে পরিচালিত যাত্রীবাহী এবং মালবাহী ট্রেনের সুষ্ঠু পরিবহন, উভয় রেলওয়ের মধ্যে অপারেশন কার্যক্রম, দেনা-পাওনা এবং সদ্য পুনরায় চালু হওয়া চিলাহাটি-হলদিবাড়ী সেকশনে নিয়মিত ট্রেন চলাচল বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তা/উপস্থিতিগণের তালিকা:

| ক্রমিক | নাম ও পদবি | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | ডি এন মজুমদার, মহাপরিচালক | বাংলাদেশ রেলওয়ে | [signature] ৩/৩/২০২১ |
| ০২। | সরদার সাহাদত আলী, অতিরিক্ত মহাপরিচালক/অপা: | বাংলাদেশ রেলওয়ে | [signature] ০৩/৩/২০২১ |
| ০৩। | মো: ফারুকুজ্জামান, অতি: সচিব | MoR | [signature] ৩/৩/২১ |
| ০৪। | মোহাম্মদ মীর জুবায়ের মাহমুদ, মহাপরিচালক (দ: এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয় | 01765848447<br>DGSA@MOFA.GOV.BD | [signature] ০৩/০৩/২১ |
| ০৫। | মো: কামরুল আহসান, অতিরিক্ত মহাপরিচালক (রোলিং স্টক) | ০১৭১১৫০৪৩০১<br>gahsanbd@hotmail.com | [signature] ০৩/০৩/২০২১ |
| ০৬। | বিকাশ বিশ্বাস, সিনিয়র সহকারী সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ০১৭১৮-০০৬৭২৭<br>bikash.aa1919@gmail.com | [signature] 03/03/22 |
| ০৭। | মো: আনিসুর রহমান, এডিজি (অপা), বাংলাদেশ রেলওয়ে | 017120888-28<br>anis1206@hotmail.com | [signature] ৩/৩/২১ |
| ০৮। | আরেফা হোসেন, দ্বিতীয় সচিব (বৈ: বাণি: বাণিজ্য ও চুক্তি) | ০১৭২০০৪২৮৭৭<br>adsust@gmail.com | [signature] ৩/৩/২০২১ |

| | | | |
|---|---|---|---|
| ০৯। | মোহাম্মদ সফিকুর রহমান<br>পরিচালক/ট্রাফিক<br>বি.রে. | ০১৭১১ ৬৯১৬১৭<br>dtot@railway.gov.bd | [signature] |
| ১০। | | | |
| ১১। | | | |
| ১২। | | | |
| ১৩। | | | |
| ১৪। | | | |
| ১৫। | | | |
| ১৬। | | | |
| ১৭। | | | |
| ১৮। | | | |
| ১৯। | | | |